



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৬ এপ্রিল ২০১৪

### প্রেস বিজ্ঞপ্তি

### রামগড়ে সেনাবাহিনী কর্তৃক এক গ্রাম প্রধানসহ দুই গ্রামবাসীকে আটকের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির রামগড় উপজেলার পাতাছড়া ইউনিয়নের মানিকচন্দ্র পাড়া থেকে গতরাত আনুমানিক ১টার সময় সেনাবাহিনী কর্তৃক গ্রাম প্রধান (কার্বারী) পুশতো কুমার ত্রিপুরা(৪০), পিতা খঞ্জল্যা ত্রিপুরা ও তার জামাই খাগড়াছড়ির সিঙ্গিনালা গ্রামের চাইহু প্র মারমা (২২)-কে আটকের ঘটনায় ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

স্থানীয়দের বরাত দিয়ে ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা দপ্তর থেকে সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে বলা হয়, বৈসাবি উৎসব উপলক্ষে গতকাল মঙ্গলবার মানিকচন্দ্র পাড়ায় দিনব্যাপী ঐতিহ্যবাহী খেলাধুলার আয়োজন করা হয়। এ উপলক্ষে তার জামাই চাইহু প্র মারমাও সেখানে বেড়াতে যান। অনুষ্ঠান শেষে রাতে তারা বাড়িতে ঘুমিয়ে পড়েন। দিবাগত রাত আনুমানিক ১টার সময় সিন্দুকছড়ি জোনের একদল সেনা তার বাড়ি ঘেরাও করে শৃঙ্গুর ও জামাই দু'জনকে ঘুম থেকে তুলে আটক করে নিয়ে যায়। তাদের বিরুদ্ধে কোন ওয়ারেন্ট বা অভিযোগ ছিল না।

বিবৃতিতে ক্ষোভ প্রকাশ করে বলা হয়, রামগড়-মাটিরাংগা এলাকায় এভাবে রাতের আঁধারে ঘুমন্ত অবস্থা থেকে তুলে নিয়ে নিরীহ লোকজনকে আটক করে সন্ত্রাসী সাজিয়ে মিথ্যা মামলায় জেল হাজতে প্রেরণ করা যেন সেনা সদস্যদের বদঅভ্যাসে পরিণত হয়েছে। প্রায় সময়ই সাধারণ নিরীহ লোকজনকে তাদের প্রমোশনের বলি হতে হচ্ছে। গ্রাম প্রধানরা পর্যন্ত তাদের নিপীড়নের হাত থেকে রেহাই পাচ্ছেন না। জনগণের নিরাপত্তায় নিয়োজিত থাকার কথা বলে তারাই জনগণের উপর খবরদারি-নজরদারি, বিনাকারণে ধোঁফতার, হয়রানি, নির্যাতন চালিয়ে যাচ্ছে। বৈসাবি উৎসব চলাকালে গ্রাম প্রধান ও তার জামাইকে আটকের ঘটনা আবারো প্রমাণিত হয়েছে সেনাবাহিনীই হচ্ছে এ অঞ্চলের জনগণের নিরাপত্তা হরণকারী।

বিবৃতিতে অবিলম্বে আটক গ্রাম প্রধান ও তার জামাইকে নিঃশর্ত মুক্তি এবং সেনাবাহিনী কর্তৃক যত্রতত্র ধরপাকড় ও সাধারণ লোকজনের উপর নিপীড়ন-নির্যাতন বন্ধের দাবি জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।